# সমাজকল্যাণ বিষয়ক উপজেলা কমিটি দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ বিধান কান্তি হালদার, উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, আদিতমারী, লালমনিরহাট। |
| তারিখ | ঃ ২৬ মে ২০২৫ খ্রি: |
| সময় | ঃ সকাল ১১.৩০ টা। |

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-সংযুক্ত

আলোচ্য সুচিঃ

১. সমজকল্যাণ বিষয়ক অগ্রগতি
২. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | সমাজকল্যাণ বিষয়ক অগ্রগতি | উপজেলা সমাজসেবা অফিসার এর প্রতিনিধি সভায় জানান যে, সকল প্রতিবন্ধী ব্যক্তি প্রতিবন্ধিতা থেকে মুক্ত হয়েছেন বা আরোগ্য হয়েছেন এবং যারা তথ্য গোপন করে কিংবা ভূয়া তথ্য দিয়ে সুবর্ণ নাগরিক পরিচয় পত্র ও ভাতা গ্রহণ করেছেন এমন তথ্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট হতে সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিবন্ধী ভাতাভোগীগণের অযোগ্যতার তথ্য সরবরাহ করা হলে প্রতিবন্ধী সুরক্ষা আইন বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাক্তির সুবর্ণ নাগরিক পরিচয়পত্র ও ভাতা বাতিল করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে ২৫/১০/২০২৪ এর মধ্যে এ সংক্রান্ত তথ্য উপজেলা সমাজসেবা অফিসার হাতীবান্ধার নিকট সরবরাহ করার জন্য চেয়ারম্যানবৃন্দকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।<br><br>স্তর পরিবর্তন ও প্রতিবন্ধীভাতা গ্রহণ জনিত কারনে অনলাইনে রক্ষিত অপেক্ষমান তালিকা হতে প্রতিস্থাপনের জন্য সদস্য সচিবকে সর্বসম্মতিক্রমে নির্দেশ প্রদান করেন। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,<br>আদিতমারী |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/২০২৫

(বিধান কান্তি হালদার)
উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার
সভাপতি
সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং -৪১.০১.৫২০২.০০৭.০২.০০৪.২৫- ১২৫ তারিখঃ ২৬/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থেঃ

০১। চেয়ারম্যান.............................................ইউনিয়ন পরিষদ ও সদস্য, সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি, আদিতমারী, লালমনিরহাট।

০২। ................................................ আদিতমারী, লালমনিরহাট।

০৩। অফিস কপি।

26.05.25

(মোঃ মাসুদ রানা)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CamScanner